

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.৫৬২(অংশ).২০১২- ৩৫ন

তারিখঃ ২৬/৬/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫৪৩৬/২০১২ এর ৩০/০৭/২০১৩ খ্রিঃ তারিখের রায় বাস্তবায়নের জন্য পিটিশনার কর্তৃক দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৪৯১/২০১৭ এর রুলনিশির জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ প্রধান প্রকৌশলী, ডিপিএইচইর গত ৭/৬/২০১৮ তারিখের ৫৫৪৮ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য ৬৫৭ পর্যায়ে জন কর্মকর্তা ও কর্মচারী বাদী হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ১৫৪৩৬/২০১২নং রিট পিটিশন দায়ের করেন। উক্ত রিট পিটিশনে গত ৩০/০৭/২০১৩খ্রিঃ তারিখের রায়ে পিটিশনারদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য রেসপন্ডেন্টগণকে নির্দেশন প্রদান করা হয়। সে মোতাবেক মামলার অন্যতম পিটিশনার বেগম সাদিয়া সুলতানার চাকুরি রাজস্বখাতে আত্মীকরণ করা না হলে কেন কনটেম্পট প্রসিডিং দায়ের করা হবে না সে মর্মে ০৫/১২/২০১৭ তারিখের মধ্যে জবাব প্রদানের জন্য শোকজ প্রদানপূর্বক এ বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ হিসেবে নোটিশ প্রদান করা হয়েছে। এ বিষয়ে এ বিভাগের অতিরিক্ত সচিব (পাস) মহোদয়ের সভাপতিতে গত ২৪/৪/২০১৮ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ ৪৯১/২০১২নং কনটেম্পট এর পিটিশনার বেগম সাদিয়া সুলতানা, ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-কে আত্মীকরণের বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে বর্তমানে একই পদ/সমপদ শূণ্য নেই। একই পদ/সমপদ শূণ্য হওয়া সাপেক্ষে তাঁকে আত্মীকরণ করা হবে। অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত জুনিয়র সোশ্যাল ডেভেলপমেন্ট অফিসার হিসেবে কর্মরত ৩(তিন) জন কর্মকর্তার পদোন্নতির বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত পদ শূণ্য হলে আবেদনের ভিত্তিতে বেগম সাদিয়া সুলতানাকে আত্মীকরণ করা সম্ভব হবে। এ ছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন মামলায় আত্মীকরণকৃত পিটিশনারগণের চাকুরিকাল গণনা ও সুবিধাদি প্রদানের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের নির্দেশনা এবং প্রচলিত বিধি-বিধানের আলোকে নিষ্পত্তি করতে হবে।

২। বর্ণিত বিষয়ে পিটিশনার কর্তৃক দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৪৯১/২০১৭ এর সংশ্লিষ্ট আদালতে গত ২৮/৫/২০১৮ তারিখে দাখিলকৃত সাপ্লিমেন্টারি জবাবের কপি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পরবর্তী কার্যার্থে বিবেচাপত্রের মাধ্যমে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, বর্ণিত কনটেম্পট পিটিশনের ১নং প্রতিপক্ষ হচ্ছেন এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়। এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে ২নং সচিব, অর্থ বিভাগকে ৩নং ও প্রধান প্রকৌশলী, ডিপিএইচইকে ৪নং প্রতিপক্ষ শ্রেণীভুক্ত করা হয়েছে। ১নং প্রতিপক্ষ এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়কে না জানিয়ে ৪নং প্রতিপক্ষের পক্ষে বিজ্ঞ আদালতে জবাব দাখিলের বিষয়ে সূত্রোক্ত পত্রে কোন ব্যাখ্যা প্রদান করা হয়নি এমনকি বিজ্ঞ আদালতে দাখিলকৃত এ সংক্রান্ত কোন কাগজপত্রও সূত্রোক্ত পত্রের সাথে এ বিভাগে প্রেরণ করা হয়নি। ফলে বিবেচ্য মোকদ্দমার সরকার পক্ষের স্বার্থহানীর সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হচ্ছে।

৩। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৪৯১/২০১৭ এর রুলনিশির জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে প্রেরণপূর্বক এ বিভাগের নিযুক্ত বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ২৮ ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৯৭

জীব মোঃ আশরাফুল আলম
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদর অবগতির জন্য অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ;
 ২. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
 ৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদর অবগতির জন্য);
 ৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- হাসিনা মাস্টার কার্জ